**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নম্বর-১৮.০১৬.০১১.০৩.০০.০১৬.২০১২-১১৭৭

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৫
০৫ আগস্ট ২০১৮

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগসমূহের শূন্য পদ পূরণের বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত সংখ্যা-০৩.০০.০০০০.০৭৮.৪৬.০৬৪.১৮-১৭৮, তারিখ: ৩১-০৭-২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রণালয়/বিভাসমূহের শূন্য পদ পূরণ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ২৫-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীর ২নং অনুচ্ছেদে উল্লিখিত নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি সুস্পষ্টভাবে পূরণপূর্বক **আগামী ০৮-০৮-২০১৮ তারিখের** মধ্যে সফট কপি (নিকোশ ফ্রন্টে ও sas.admin1@mos.gov.bd) এবং হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারীর নিকট বিশেষ বাহক মারফত জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। **ছক:**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা/দপ্তরের নাম | শূন্য পদের সংখ্যা | ছাড়পত্র পাওয়া গিয়েছে | নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে | মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে | নিয়োগপত্র ইস্যু করা হয়েছে | অবশিষ্ট শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

(নাহিদ-উল-মোস্তাক)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, মোবক/চবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি:

সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

G:\Nazmul\LETTER-2017-18.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

**বিষয়: মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয় -এর সভাপতিত্বে শূণ্য পদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| সভার তারিখ | : | ২৫.০৭.২০১৮। |
| সময় | : | বেলা ১১.০০ টা। |
| স্থান | : | প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪র্থ তলাস্থ সভাকক্ষ (কক্ষ নং ৪০৪) । |
| উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়/বিভাগসমূহের শূণ্য পদ পূরণে আইনগত জটিলতা না থাকলে উক্ত পদে নিয়োগের লক্ষ্যে ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

২। সভাপতি পরিচালক-১১ শাখার কর্মপরিধির আওতাভুক্ত মন্ত্রণালয়সমূহের শূণ্য পদ পূরণে গৃহীত ব্যবস্থা ও হালনাগাদ অগ্রগতির তথ্য সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপস্থিত কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান। কর্মকর্তাবৃন্দ মন্ত্রণালয়ভিত্তিক অগ্রগতির তথ্য সভাকে অবহিত করেন। সভায় অগ্রগতি উপস্থাপনকালে দেখা যায়, গত সভার পর হতে এ পর্যন্ত বিভিন্ন মন্ত্রণালয়ে ১৮৫৬৮টি শূণ্য পদের বিপরীতে নিম্নের ছকে উল্লিখিত পদসমূহের নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

| মন্ত্রণালয়ের নাম | শূণ্য পদের সংখ্যা | ছাড়পত্র পাওয়া গিয়েছে | নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে | লিখিত পরীক্ষা নেয়া হয়েছে | মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে | নিয়োগপত্র ইস্যু করা হয়েছে | অবশিষ্ট শূণ্য পদ |
|---|---|---|---|---|---|---|---|
| বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ৫৬৪৪ | ৯৯ | ৪০৭ | ১৫ | ৫৭ | - | ৫০৬৬ |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ৬৭৮ | ৮৩ | ৯৩ | - | - | - | ৫০২ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১৪০৭ | ৫২ | ২২ | ৫৯ | - | - | ১২৭৪ |
| বাণিজ্য মন্ত্রণালয় | ৫৯৮ | ৯ | ৪১ | - | - | - | ৫৪৮ |
| পানি সম্পদ মন্ত্রণালয় | ৩৪২৬ | - | ২৭৮ | - | ১৮২ | - | ২৯৬৬ |
| নৌপরিবহন মন্ত্রণালয় | ৬৮১৫ | ৮৯৫ | ১৭০৩ | - | - | - | ৪২১৭ |
| মোট | ১৮৫৬৮ | ১১৩৮ | ২৫৪৪ | ৭৪ | ২৩৯ | | ১৪৫৭৩ |

৩।  অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(১) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার যে সকল পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য সে সকল পদে নিয়োগে বিধিগত/আইনগত জটিলতা না থাকলে আগামী ১৫ দিনের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করতঃ নিয়োগ কার্যক্রম প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।

(২) দপ্তর/সংস্থার বিভিন্ন ক্যাটাগরির সরাসরি নিয়োগযোগ্য শূণ্য পদে নিয়োগের নিমিত্ত ছাড়পত্রের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে অপেক্ষমান ছাড়পত্রের প্রস্তাব আগামী ৭ দিনের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

(৩) শূণ্য পদ পূরণ সম্পর্কিত প্রেরিত প্রতিবেদনে প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরযোগ্য পদ, ক্যাডার পদ এবং আদালতে মামলা চলমান রয়েছে এরূপ পদ ব্যতীত শুধুমাত্র রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য শূণ্য পদের তথ্য/সংখ্যা গ্রেডভিত্তিক উল্লেখপূর্বক প্রেরণ করতে হবে।

(৪) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শূণ্য পদ পূরণে কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে; নিয়োগ কার্যক্রম কত তারিখ হতে কোন অবস্থায় রয়েছে; পরবর্তী কার্যক্রম কি এবং কত তারিখ হতে শুরু করা হবে; তা প্রতিবেদনে সুস্পষ্ট উল্লেখপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।

(৫) শূণ্য পদ পূরণ সম্পর্কিত প্রেরিত প্রতিবেদনে নিয়োগের কার্যক্রম 'প্রক্রিয়াধীন', 'চলমান', 'শীঘ্রই সম্পন্ন হবে' ইত্যাদি সংক্ষিপ্ত আকারের বর্ণনা পরিহার করতে হবে। এক্ষেত্রে প্রতিবেদনে গৃহীত কার্যক্রমের তারিখ উল্লেখপূর্বক শূণ্য পদ সম্পর্কিত সঠিক পরিসংখ্যান উপর্যুক্ত বর্ণনানুযায়ী পৃথক ছকে প্রেরণ করতে হবে।

(৬) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার যে সকল পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য সেসকল পদে নিয়োগে বিধিগত আইনগত জটিলতা না থাকলে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(৭) শূণ্য পদ পূরণের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠেয় সভায় মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মনোনীত যুগ্ম-সচিব পর্যায়ের একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৪।  আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/৭/৭/২০১৮

(মোঃ আজিজুর রহমান)
মহাপরিচালক